গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
www.rangpursadar.rangpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.৮৫৪৯.০০৩.০২.০০৯.২১-৭০০ (৬০)

তারিখ : ২৭ অক্টোবর, ২০২১ খ্রি.।

## নোটিশ

আগামী ১৯/১০/২০২১ তারিখ বেলা ১২.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে অক্টোবর/২০২১ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
২। গত সভার সিদ্ধান্ত সমুহের অগ্রগতি পর্যালোচনা।
৩। সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ক পর্যালোচনা।
৪। বিবিধ।

২৭/১০/২০২১

মোছা : নুর নাহার বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নং- ০৫২১-৬২১১৬
E-mail: unorangpur@mopa.gov.bd

প্রাপকঃ- ........................................
........................................
রংপুর সদর, রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। পুলিশ সুপার, রংপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

CamScanner

**১৯ অক্টোম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোছা: নুর নাহার বেগম
উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
রংপুর সদর, রংপুর
সভার তারিখ ও সময় : ১৯/১০/২০২১ খ্রি. , সময়- সকাল - ১০.৩০
সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম, রংপুর সদর, রংপুর।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক"

সভাপতি অক্টোম্বর/২০২১ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত এবং সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করার অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর গত ১৫/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভাপতি উপস্থিত সকলকে রংপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>সভাপতি রংপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির গত ১৫/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন বা বিয়োজন আছে কিনা উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | **সেপ্টেম্বর/২০২১ মাসের অপরাধ চিত্রের পর্যালোচনা:** রংপুর সদর উপজেলার অপরাধ চিত্রের পর্যালোচনায় দেখা যায় সেপ্টেম্বর/২০২১ মাসে ধর্ষণ -০০টি , নারী নির্যাতন-০০টি, গবাদি পশুচুরি--০১টি, গাড়িচুরি- ০০টি, অন্যান্য চুরি-০১টি, জখম মামলা- ০১টি, মাদকদ্রব্য মামলা (উদ্ধারজনিত মামলা)- ০১টি, এবং অন্যান্যভাবে মামলা- ০৪টি।<br>প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ধর্ষণ মামলা, জখম মামলা এবং মাদকদ্রব্য মামলা (উদ্ধারজনিত মামলা) গতমাসের তুলনায় হ্রাস পেয়েছে।<br>অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা সভায় বলেন, শত বছরের হিন্দু-মুসলমান ধর্মীয় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য আমাদের সকলকে সচেতন থাকতে হবে। রংপুর সদর উপজেলায় যে কোন ইউনিয়নে কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে থানায় অবহিত করলে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভায় আশ্বাস দেন।<br>জনাব মো: সেকেন্দার আলী, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান শারদীয় দুর্গাপূজা, ২০২১ উদ্‌যাপন উপলক্ষে রংপুর সদর উপজেলার প্রতিটি পূজামন্ডপে আনসার বাহিনী মোতায়েন করাসহ মনিটরিং করা হয়েছে।<br>সভাপতি বলেন রংপুর সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির বর্তমান ধারা অব্যাহত রাখাসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি | (ক) সংঘটিত অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(গ) নারী ও শিশু নির্যাতন (ধর্ষণসহ) এবং অন্যান্য অপরাধ যাতে বৃদ্ধি না পায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে তৎ-পরতা অব্যাহত রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর<br>৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | আকর্ষণ করেন। | | |
| ৩ | **মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে আলোচনা:**<br>মাদক দ্রব্যের অপব্যবহার রোধকল্পে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে জনাব আব্দুস ছবুর, সুপার, উত্তর খলেয়া হাজীপাড়া দাখিল মাদ্রাসা, রংপুর সভায় জানান, ছাত্ররা যেন লেখাপড়ায় মনোযোগী হয়, কোন প্রকার নেশায় জড়িয়ে না পড়ে সে বিষয়ে সচেতন থাকার লক্ষ্যে ছাত্রদের পরামর্শ প্রদান হচ্ছে। তবে মাঝে মধ্যে প্রশাসনের পক্ষ থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো মনিটরিং করা হলে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মান বৃদ্ধি পাওয়াসহ ছাত্রদের সচেতনতা আরও বাড়বে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি বলেন যে, মাদক দ্রব্যের অপব্যবহার রোধকল্পে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়ার উৎসাহ প্রদানের পাশাপাশি শিক্ষার্থীদের মাঝে মাদকদ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার জন্য অনুরোধ জানান। | (ক) মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়ার উৎসাহ প্রদানের পাশাপাশি মাদক দ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) শিক্ষা প্রতিষ্ঠানগুলো মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br>২। পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস 'ক' সার্কেল, রংপুর। |
| ৪ | **জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের কুফল সম্পর্কে অবহিতকরণ বিষয়ে আলোচনা:**<br>সভাপতি জানান যে, গত মাসে রংপুর সদর উপজেলায় সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতামূলক কোন ঘটনা ঘটেনি। সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে থানা কর্তৃপক্ষসহ মসজিদের ইমাম এবং গ্রাম পুলিশদেরকে সর্বাত্মক সতর্ক থাকার জন্য অনুরোধ জানান।<br>কোন স্বার্থান্বেষী মহল যেন ধর্মীয় উস্কানী ও মিথ্যা গুজব রটনা করে সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি না করতে পারে এবং মসজিদগুলোতে মুসল্লিগণ যাতে মাস্ক পড়ে প্রবেশ করে তা নিশ্চিত করার লক্ষ্যে প্রচার-প্রচারনা চালাতে হবে। | (ক) জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ এবং নাশকতামূলক ঘটনা প্রতিরোধকল্পে থানা কর্তৃপক্ষ-সহ গ্রাম পুলিশদেরকে সর্বাত্মক সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) কোন স্বার্থান্বেষী মহল ধর্মীয় উস্কানী ও মিথ্যা গুজব রটনা করে যেন সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি না করতে পারে এবং মসজিদগুলোতে মুসল্লি-গণ যাতে মাস্ক পড়ে প্রবেশ করে তা নিশ্চিত করার লক্ষ্যে প্রচার-প্রচারনা চালাতে হবে। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br>৩। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর। |
| ৫ | **বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন:**<br>বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন রোধকল্পে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে জনাব মৃত্যুঞ্জয় রায়, প্রধান শিক্ষক, হরিদেবপুর উচ্চ বিদ্যালয় সভায় জানান ছাত্ররা যেন ক্ষতিগ্রস্থ না হয় এজন্য বাল্যবিবাহ, ইভটিজিংরোধে ছাত্রদের পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।<br>সভাপতি সভায় জানান বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন | (ক) বাল্য বিবাহের কুফল সম্পর্কে ব্যাপক প্রচার করাসহ নিয়মিত উঠান বৈঠক অব্যা-হত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতন | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক এবং অন্যান্য ক্যাম্পেইন অব্যাহত রাখতে হবে । এছাড়া বাল্যবিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে সভা আহবান করে সভার কার্যবিবরণী (১) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর ও (২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর বরাবরে প্রেরণ করতে হবে। এছাড়া বাল্য বিবাহ রোধকল্পে কোন এলাকায় এ বিষয়ে তথ্য পাওয়া মাত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ এ কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | রোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির সভা প্রতি মাসে আহবান করতে হবে এবং কার্যবিবরণী (১) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর ও (২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর বরাবরে প্রেরণ করতে হবে। | সদর, রংপুর।<br><br>৪। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| ৬ | <u>মোবাইল কোর্টের অভিযান:</u><br>সেপ্টেম্বর/২০২১ মাসে রংপুর সদর উপজেলায় মোট ০২টি মোবাইল কোর্টের অভিযান পরিচালিত হয়েছে। উক্ত অভিযানে ৮টি মামলায় ১৭০০/- (সতের হাজার) টাকা জরিমানা আদায় করা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) প্রমাণ অনুযায়ী প্রয়োগ-সিদ্ধভাবে এবং তাৎক্ষনিক চাহিদার প্রেক্ষিতে মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখতে হবে।<br>(খ) অর্থদন্ডের পাশাপাশি যৌক্তিকভাবে কারাদন্ড প্রদান এবং বাধ্যতামুলকভাবে মাস্ক ব্যবহার নিশ্চিতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর। |
| ৭ | <u>গ্রাম আদালতের মামলার বিবরণ:</u><br>সেপ্টেম্বর/২০২১মাসে রংপুর সদর উপজেলার ৫টি ইউনিয়নে গ্রাম আদালতে দায়েরকৃত বিচারাধীন মোট মামলার সংখ্যা-০৭টি। গতমাসের অনিষ্পন্ন মামলার সংখ্যা- ১৮টি। মোট মামলা- ২৫টি। আলোচ্য মাসে মোট নিস্পত্তিকৃত মামলার সংখ্যা- ১৫টি। অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা- ১০টি। | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক গ্রাম আদালতের অনিস্পন্ন মামলাসমুহ দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| ৮ | <u>খাদ্যে ফরমালিনের ব্যবহার ও বিষাক্ত রাসায়নিক মিশ্রণ রোধকরণ:</u><br>সভাপতি জানান, সবুজ শাক সবজিসহ ফলমুল ও মাছ, মাংস এবং খাদ্যদ্রব্যে ফরমালিনের ব্যবহার বিষয়ে অনেক অভিযোগ পাওয়া যায়। ফরমালিনের ব্যবহার বন্ধ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | খাদ্যে ফরমালিনের ব্যবহার ও বিষাক্ত রাসায়নিকের মিশ্রণ রোধে এবং মানসম্মত খাবার পরিবেশনে মোবাইল কোর্টের অভিযান প্রয়োগসিদ্ধ-ভাবে অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর। |